দৈনিক বাংলা
দৈনিক বাংলা

তারিখ ... ২১।১।৮৩ ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ২ ...

# ১৪টি হাইস্কুল বাতিলঃ আটজন প্রধান শিক্ষক অপসারিত

004

॥ জালালউদ্দীন আহমদ ॥

মানিকগঞ্জ, ২০শে জানুয়ারী।— ১৯৮২ সালে অনুষ্ঠিত এসএসসি পরীক্ষায় পরীক্ষার্থী নির্বাচনে বিভিন্ন দুর্নীতির অভিযোগে ঢাকা বোর্ড ১৪টি মাধ্যমিক বিদ্যালয়ের অনুমোদন বাতিল করে দিয়েছে। এ-সব স্কুলের প্রধান শিক্ষকদের বিরুদ্ধে বোর্ডের প্রচলিত আইন-কানুন উপেক্ষা করে প্রায় তিন হাজার ছাত্রছাত্রীকে পরীক্ষায় অংশ নেয়ার সুযোগ দেওয়ার সুনির্দিষ্ট অভিযোগ রয়েছে।

এছাড়াও অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে আরও ১০টি স্কুলের ৮ জন প্রধান শিক্ষকসহ ১০ জন শিক্ষককে চাকরি থেকে অপসারণ করার সিদ্ধান্ত নেয়া হয়েছে।

সম্প্রতি অনুষ্ঠিত ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের উচ্চ পর্যায়ের এক সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়েছে।

অনুমোদন বাতিল হয়ে যাওয়া ১৪টি উচ্চ বিদ্যালয় হলোঃ ঢাকা জেলার মনোহরদী থানার লেবুতলা উচ্চ বিদ্যালয়, ধামরাই থানার জালসা উচ্চ বিদ্যালয়, কাপাসিয়া থানার কাপাসিয়া আদর্শ উচ্চ বালিকা বিদ্যালয় এবং শহীদ তিতুমীর উচ্চ বিদ্যালয়।